



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
বেসরকারি কলেজ শাখা



স্মারক নং-৭জি-৫২২(ক-৩)/২০০৬/ ৩২৫৯/৫

তারিখ: ২০/০৯/২০২২খ্রি.

বিষয়: গ্রন্থাগারিক পদে এমপিওভুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন সৈয়দপুর মহিলা মহাবিদ্যালয়-এর গ্রন্থাগারিক জনাব মোঃ হাবিবুর রহমান এমপিওভুক্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭২৪৬/২০২২ দায়ের করেন। বর্ণিত বিষয়ে জনবল কাঠামো মোতাবেক গ্রন্থাগারিক পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় এমপিওভুক্তির বিষয়টি বিবেচনা করার সুযোগ নেই মর্মে মাউশি অধিদপ্তরের স্মারক নং-৪৭০৭/২, তারিখ: ২৪/১০/২০১৯খ্রি. মোতাবেক সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ হাবিবুর রহমান এর জনবল কাঠামো মোতাবেক গ্রন্থাগারিক পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় গ্রন্থাগারিক পদে এমপিওভুক্তির বিষয়টি বিবেচনা করার সুযোগ নেই মর্মে মাউশি অধিদপ্তরের স্মারক নং-৪৭০৭/২, তারিখ: ২৪/১০/২০১৯খ্রি. পত্রের আদেশ বহাল রাখা হলো।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

২০.৯.২২

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

সৈয়দপুর মহিলা মহাবিদ্যালয়

সৈয়দপুর, নীলফামারী।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, রংপুর অঞ্চল, রংপুর;
- ২। সভাপতি, গভর্নিংবডি, সৈয়দপুর মহিলা মহাবিদ্যালয়, সৈয়দপুর, নীলফামারী;
- ৩। শিক্ষা কর্মকর্তা (আইন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৪। জনাব মোঃ হাবিবুর রহমান, গ্রন্থাগারিক, সৈয়দপুর মহিলা মহাবিদ্যালয়, সৈয়দপুর, নীলফামারী;
- ৫। সংরক্ষণ নথি।